# সংস্কার উদ্যোগ বাস্তবায়ন কর্মপরিকল্পনা - সউবাক (Reform Initiative Implementation Action Plan - RIIAP)

Title of the initiative: Establishing Application Help Desk In Upazila Election Office

উদ্যোগী কর্মকর্তার নাম: মোছাঃ শিমু পারভীন

পদবি: উপজেলা নির্বাচন অফিসার

কর্মস্থল: তারাগঞ্জ, রংপুর

# ১. গভর্নেন্স সমস্যার বর্ণনা (Problem Identification)

## (সমস্যার কারণ ও ফলাফল উল্লেখ করুন)

**সমস্যার কারণঃ**

১.অনলাইন আবেদনের সময় কারিগরি জটিলতা ও সার্ভার সমস্যায় পড়া।

২.সঠিকভাবে ফরম পূরণ বা প্রয়োজনীয় ডকুমেন্ট সম্পর্কে স্পষ্ট ধারণার অভাব।

৩.কোথায়, কিভাবে সহায়তা পাওয়া যাবে – সে বিষয়ে জানার সুযোগ নেই।

৪.লাইভ সহায়তা, ফোন, চ্যাট বা সরাসরি হেল্প ডেস্কের অভাব।

৫.দালালের মাধ্যমে ভুল তথ্য বা অতিরিক্ত খরচে আবেদন সম্পন্ন করা।

# ১. গভর্নেন্স সমস্যার বর্ণনা (Problem Identification)

(সমস্যার কারণ ও ফলাফল উল্লেখ করুন)

ফলাফলঃ

১.আবেদন বাতিল বা বিলম্বিত হয়।

২.নাগরিকদের ভোগান্তি ও অসন্তোষ বাড়ে।

৩.ডিজিটাল সেবার উপর আস্থা কমে যায়।

৪.দালালচক্রের দৌরাত্ম্য বাড়ে।

# ২. সংস্কার উদ্যোগের বর্ণনা (Wayout & Result)

## (পাইলটিং বিবেচনায় নিয়ে সমস্যা সমাধানের উপায় ও ফলাফল উল্লেখ করুন)

সমস্যা সমাধানের উপায়ঃ

- উপজেলা পর্যায়ে আবেদন সহায়তা ডেস্ক স্থাপন – যেখানে আবেদনকারীরা সরাসরি সহায়তা পেতে পারবেন।
- NID পোর্টালের সাথে আবেদন সহায়তা ডেস্ক ইন্টিগ্রেশন করে আবেদনকারীর তথ্য ও অগ্রগতি অনুসন্ধানের ব্যবস্থা করা।
- দালালমুক্ত আবেদন প্রক্রিয়া সম্পর্কে সচেতনতা ক্যাম্পেইন চালানো।
- দূর্নীতির কুফল সম্পর্কে অফিস স্টাফ ও সেবাগ্রহীতাদের অবহিত করা ।
- স্টাফদের পর্যাপ্ত সচেতন এর ব্যবস্থা করা।

# ৩. সংস্কার উদ্যোগের প্রস্তাবিত পরিসংখ্যান

**(ক) পাইলট সংস্কার উদ্যোগের শিরোনামঃ**

অনলাইন এনআইডি আবেদনের জন্য আবেদন সহায়তা ডেস্ক স্থাপন (পাইলট প্রকল্প)

**(খ) কোন্ প্রতিষ্ঠান উদ্যোগটি বাস্তবায়ন করবে?**

উপজেলা নির্বাচন অফিস, তারাগঞ্জ, রংপুর

**(গ) কোথায় পাইলটিং হবে?**

উপজেলা নির্বাচন অফিস, তারাগঞ্জ, রংপুর

**পাইলটিং বিবেচনার যৌক্তিকতা কী?**

Computer দোকানে আবেদন করতে এসে জনগন অজ্ঞতা বা অন্য কোন কারণে বিভিন্ন সময়ে হয়রানির শিকার হয়। গৃহীত পাইলটিং প্রজেক্ট এর মাধ্যমে এ সমস্যার সমাধান করা সম্ভব।

**(ঘ) পাইলটিং কখন শুরু এবং কখন সমাপ্ত হবে?**

শুরু: জুলাই ২০২৫ শেষ: সেপ্টেম্বর ২০২৫ *(মোট সময়কাল: ৩ মাস)*

**(ঙ) পাইলটিং এর ফলে কতজন ব্যক্তির কী উপকার হবে এবং কী পরিমাণ অর্থের সাশ্রয় হবে?**

উপজেলা নির্বাচন অফিস, তারাগঞ্জ আওতাধীন এলাকার ভোটার সংখ্যা প্রায় ১.২ লক্ষ। প্রতিদিন অফিসে প্রায় ৪০-৫০ জন সেবাগ্রহীতা সেবা নিয়ে থাকেন। এদের প্রায় সবাই এই পাইলটিংয়ের ফলে উপকৃত হবেন যার মাসিক পরিমাণ প্রায় ১.৫-২ হাজার জন। সেবাপ্রত্যাশীগণ ওেদালাল ও অন্য কাউকে বাড়তি অর্থ দেওয়া থেকে উদ্ধার পাবেন। দালাল নির্ভরতা হ্রাস পাবে । জনগণের সন্তুষ্টি বেড়ে যাবে ।

# ৪. পাইলট বাস্তবায়নের সাথে কারা-কারা সম্পৃক্ত হবেন এবং তাদেরকে কীভাবে কাজে লাগানো যাবে? (Stakeholder Analysis & their Management)

| Stakeholders | Needs and Expectations | Remarks |
|---|---|---|
| উপজেলা নির্বাচন কর্মকর্তা | সার্বিক তত্ত্বাবধান | |
| উপজেলা আইসিটি অফিসার | কারিগরি সহায়তা করা | |
| ধর্মীয় প্রতিষ্ঠান | প্রচারনা চালানো | |
| উপজেলা নির্বাচন অফিস | সেমিনার বা বিভিন্ন প্রশিক্ষন এর আয়োজন করা | |
| প্রশিক্ষিত যুব স্বেচ্ছাসেবক / উদ্যোক্তা | হেল্প ডেস্কে সরাসরি সহায়তা প্রদান<br>- প্রযুক্তিগত সহায়তা<br>- সাধারণ নাগরিককে গাইড করা | |
| স্থানীয় জনপ্রতিনিধি (ইউপি চেয়ারম্যান/মেম্বার) | প্রচারণা চালানো<br>- স্থানীয় সহায়তা নিশ্চিত করা<br>- সেবাপ্রাপ্তির জন্য জনগণকে উৎসাহিত করা | |
| স্থানীয় গণমাধ্যম ও সামাজিক মাধ্যম প্ল্যাটফর্ম | হেল্প ডেস্ক সেবার সময় ও অবস্থান প্রচার<br>- সচেতনতা বৃদ্ধি<br>- জনগণের মতামত সংগ্রহে সহায়তা | |

# ৫. পাইলট সংস্কার বাস্তবায়নে বিভিন্ন ধরণের রিসোর্স কীভাবে কী প্রয়োজনে কাজে লাগানো হবে? (Resource Mobilization)

| Sl. No. | Resources | Mobilization/Use/Expected Support |
|---|---|---|
| ১ | সহায়তা  উদ্যোক্তা | দ্রুত সময়ে আবেদন করে দেওয়া |
| ২ | আবাসন ও যন্ত্রপাতি | ডেস্ক স্থাপন, কম্পিউটার/ল্যাপটপ, ইন্টারনেট, প্রিন্টার ব্যবহারে |
| ৩ | প্রচারপত্র/ব্যানার/মাইকিং | সচেতনতা বৃদ্ধি |
| ৪ | শিক্ষিত জনগন | স্থানীয় জনগনের মাঝে সচেতনতা বৃদ্ধি |
| ৫ | ইউনিয়ন পরিষদ | দ্রুত সময়ে Application এর জন্য প্রয়োজনীয় কাগজ প্রদান |
| ৬ | প্রযুক্তিগত রিসোর্স | ফরম পূরণ, তথ্য যাচাই, অনলাইন সাবমিশন, রিয়েল-টাইম সাপোর্ট |

# ৬. সংস্কার উদ্যোগটি সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে বিস্তারিত কার্যক্রম (Details of Activities)

| ক্র. নং | কার্যক্রমের বিবরণ | সময়কাল | দায়িত্বপ্রাপ্ত সংস্থা/পক্ষ |
|---|---|---|---|
| ১ | প্রকল্প পরিকল্পনা ও কর্মপরিকল্পনা চূড়ান্তকরণ | প্রথম সপ্তাহ | উপজেলা নির্বাচন অফিস, প্রকল্প টিম |
| ২ | হেল্প ডেস্ক অপারেটরদের প্রশিক্ষণ | ১ম–২য় সপ্তাহ | উপজেলা নির্বাচন অফিস |
| ৩ | হেল্প ডেস্ক স্থাপন (ডেস্ক, যন্ত্রপাতি, ইন্টারনেট সংযোগ ইত্যাদি) | ২য় সপ্তাহ | উপজেলা নির্বাচন অফিস, UDC |
| ৪ | জনসচেতনতা কার্যক্রম (পোস্টার, মাইকিং, সামাজিক মাধ্যম প্রচার) | ২য়–৩য় সপ্তাহ | স্থানীয় ইউপি সদস্য, জনপ্রতিনিধি, গণমাধ্যম |
| ৫ | অনলাইন আবেদন সহায়তা প্রদান শুরু | ৩য় সপ্তাহ থেকে শুরু | হেল্প ডেস্ক অপারেটর, উপজেলা নির্বাচন অফিস |
| ৬ | মাসিক ফলোআপ ও মনিটরিং রিপোর্ট প্রণয়ন | প্রতি মাসে | প্রকল্প টিম, উপজেলা নির্বাচন অফিস |
| ৭ | মাঠ পর্যায়ে তদারকি ও সমস্যা চিহ্নিতকরণ | চলমান (৩ মাসব্যাপী) | উপজেলা নির্বাচন অফিস |
| ৮ | প্রকল্প মূল্যায়ন ও উপকারভোগী মতামত সংগ্রহ | ৩য় মাসের শেষ সপ্তাহ | উপজেলা নির্বাচন অফিস |

## ৭. পাইলট সংস্কার উদ্যোগটি এগিয়ে নিয়ে যাওয়া, এর বন্ধ হওয়া রোধ করা, অভীষ্ট গ্রুপের নিকট এটিকে জনপ্রিয় করা, মনিটরিং কার্যক্রম এবং এর রেপ্লিকেট/রোলিং আউটসহ টেকসইকরণ বিষয়ে কী-কী কৌশল গ্রহণ করা হবে? (Sustainability Strategies)

○ বেসিক সেবা বিনামূল্যে রাখার পাশাপাশি প্রিমিয়াম সাপোর্ট (যেমন: দ্রুত ট্র্যাকিং, ডেডিকেটেড এজেন্ট) চার্জ করে আয় করা

○ নিয়মিত সফটওয়্যার আপডেট ও সাইবার সিকিউরিটি অডিট

○ নিয়মিত প্রশিক্ষণ (নতুন ফিচার, কাস্টমার সার্ভিস স্কিল) এবং পারফরম্যান্স-ভিত্তিক ইনসেনটিভ

○ সহায়তা ডেস্কের সুফল সম্পর্কে মিডিয়ার মাধ্যমে প্রচারণা চালানো

○ অন্যান্য উপজেলায় সম্প্রসারণের জন্য পরামর্শ প্রদান করা

○ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে পরবর্তি প্রজেক্ট আপডেট করা

এই কৌশলগুলো বাস্তবায়ন করলে হেল্প ডেস্কটি দীর্ঘমেয়াদে স্বয়ংসম্পূর্ণ হবে এবং এনআইডি সিস্টেমের বিশ্বস্ততা বৃদ্ধি করবে